

স্মারক নং-৪৩.৩২০.৩০৪.৩১.৩০.৫৭৯.২০১৭- ৩।

তারিখ: ১৫.১১.২০১৭
১৫ নভেম্বর ২০১৭ খ্রিঃ


বিষয়: রীট পিটিশন নং-১৫৫৯৩/২০১৭। পিটিশনার মোঃ জাহিদ হোসেন, পিতা-মৃত গোলাম হোসেন, গ্রাম-পাটানপাড়া, উপজেলা-বেলাঘর, জেলা-বরগুনা ইত্যাদি বনাম সরকার ও অন্যান্য। এর বিষয়ে দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে

সূত্র: সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ হতে ১.১.২০১৮ তারিখে প্রেরিত রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, রাজশাহী সিটি কর্পোরেশনের আওতাধীন বহু উন্নয়ন প্রকল্পে কর্মরত কর্মিউনিটি অর্গানাইজারদের রাজস্ব বাজেটে আত্মীকরণ ও বেতন ভাতাদি প্রদানের দাবীতে সচিব মহোদয়সহ ৭ (সাত) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ সুনী অস্তে তর্কিত কর্মিউনিটি অর্গানাইজারদের রাজশাহী সিটি কর্পোরেশনের কর্মচারী হিসেবে কেন ঘোষণা করা হবে না এবং তাদের চাকুরি রাজস্ব বাজেটে আত্মীকরণ ও বেতন ভাতাদি প্রদানের জন্য কেন আদেশ দেয়া হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। রীট পিটিশন নং ১৫৫৯৩/২০১৭ এ প্রতিদ্বন্দিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যিক।

২: এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কার্যক্রম গ্রহণ করতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব, প্রতিপক্ষের বক্তব্য ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২ (দুই) সেট নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : ----- ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব

৯৫৪০৯৯৫

E-mail: dslaw1.lgd.gov@gmail.com

প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১, স্থানীয় সরকার বিভাগ)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ৪। অফিস কপি/মাষ্টার কপি।